# Bengali [SEC]

## [NEP]

## B.A. First Semester End Examination-2024

## (Regular & Supplementary Paper)

## PAPER-SEC-101T

***Full Marks : 40*** ***Time : 02 Hrs.***

*The figures in the right hand margin indicate marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*
*Illustrate the answers wherever necessary.*

### বিভাগ - ক

**যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :-** ৫ x ২= ১০

১। সন্ধিবিচ্ছেদ করো। (যে কোনো চারটি)

উচ্চারণ, বনস্পতি, বিদ্যালয়, সংস্কার, রবীন্দ্র, নয়ন

২। সন্ধি ও সমাসের মধ্যে পার্থক্য লেখো।

৩। অনুসর্গ কাকে বলে ? উদাহরণ দাও।

৪। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো: (যে কোনো দুটি)

রাজপথ, ন্যায়-অন্যায়, লাঠালাঠি, পঞ্চভূত

৫। সংস্কৃত উপসর্গ যোগে দু'টি শব্দ গঠন করো।

৬। নিম্নলিখিত বানানগুলি শুদ্ধ করে লেখো।

লোকগননা, মুমর্ষু, পরীক্ষার, জ্যোতীরীন্দ্র

৭ । নির্দেশ অনুসারে বাচ্য পরিবর্তন করো ।

ক) দারোগা চোর ধরে । (কর্মবাচ্যে)

খ) তুমি কখন এলে ? (ভাববাচ্যে)

৮ । সমস্ত পদ কাকে বলে ? উদাহরণ দাও ।

## বিভাগ – খ

**যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:- ৪ x ৫= ২০**

৯ । ষত্ব-বিধান কাকে বলে ? ষত্ব-বিধানের কয়েকটি প্রধান সূত্র দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো ।

১০ । ব্যঞ্জন সন্ধি কাকে বলে ? ব্যঞ্জন সন্ধির যে কোনো চারটি নিয়ম দৃষ্টান্ত সহ আলোচনা করো ।

১১) উপসর্গ বলতে কী বোঝ ? উদাহরণ দাও ? উপসর্গের কাজ কী ? অনুসঙ্গের সঙ্গে এর মূল পার্থক্য কী ?

১২) রূপিম বলতে কী বোঝ ? দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো ।

১৩ । সংজ্ঞাসহ উদাহরন দাও ।(যে কোনো দুটি)

অব্যয়ীভাব সমাস, তৎপুরুষ সমাস, কর্মধারয় সমাস, বহুব্রীহি সমাস ।



১৪ । নিম্নলিখিত স্তবকটি IPA তে লেখো ।

একদা দুজন স্ত্রীলোক একটি শিশুর অধিকার নিয়ে ঝগড়া করছিল । তারা বিচারকের কাছে বিচারের জন্য গেল ।বিচারক ঘাতককে ডেকে পাঠালেন । বিচারকের আদেশ শুনে একজন স্ত্রীলোক নিরুত্তর রইল এবং অন্য স্ত্রীলোকটি কাঁদতে শুরু করলেন ।

## বিভাগ – খ

**যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ১x ১০= ১০**

১৫ । প্রত্যয় কাকে বলে ? প্রত্যয় কয়প্রকার ও কী কী ? প্রত্যেকটি শ্রেণীর উদাহরণসহ আলোচনা করো ।

১৬ । বাক্য কী ? শুদ্ধ বাক্যের ত্রিসূত্র আলোচনা করো । অর্থানুসারে বাক্যের শ্রেণীগুলি লেখো ।

-----------------------------------------------